**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 12-09-2024**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

**(১) মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেছেন, পঞ্চায়েত হচ্ছে দেশের ও রাজ্যের উন্নয়নের মূল ভিত্তি ।**

**(২) সিপিআই(এম)-এর সর্বভারতীয় সাধারণ সম্পাদক সীতারাম ইয়েচুরি আজ শেষ নিঃশ্বাস ত্যাগ করেছেন ।**

**(৩) সমাজ কল্যাণ ও সমাজ শিক্ষা মন্ত্রী টিঙ্কু রায় আজ AIMs Live App এর সূচনা করেন ।**

**(৪) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি আজ প্যারিস প্যারা অলিম্পিকে অংশগ্রহণকারী ভারতীয় দলের সঙ্গে মতবিনিময় করেছেন ।**

*****************************************

**Oath taking-Pashchim Tripura zilla parishad :**

পশ্চিম ত্রিপুরা জিলা পরিষদের সদস্য সদস্যরা আজ শপথ গ্রহণ করেন। সভাধিপতি বলাই গোস্বামী ও সহকারী সভাধিপতি বিশ্বজিৎ শীলকে শপথ বাক্য পাঠ করান পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন দপ্তরের সচিব ডঃ সন্দীপ রাঠোর। পঞ্চায়েত দপ্তরের অধিকর্তা প্রসূন দে নির্বাচিত অন্যান্য সদস্যদের শপথ বাক্য পাঠ করান। অনুষ্ঠানে মুখ্য অতিথির ভাষনে মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেন পঞ্চায়েত হচ্ছে দেশের ও রাজ্যের উন্নয়নের মূল ভিত্তি। তিনি বলেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি সবসময় ত্রিস্তরীয় পঞ্চায়েতের উপর প্রাধান্য দিয়ে যাচ্ছেন। মুখ্যমন্ত্রী এক ত্রিপুরা শ্রেষ্ঠ ত্রিপুরা গড়ে তোলার লক্ষ্যে স্বচ্ছ পঞ্চায়েত গড়ে তোলার জন্য

নবনির্বাচিত প্রতিনিধিদের প্রতি আহ্বান জানান। অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন পর্যটনমন্ত্রী সুশান্ত চৌধুরী, আগরতলা পুর নিগমের মেয়র তথা বিধায়ক দীপক মজুমদার, বিধায়ক কিশোর বর্মন, বিধায়িকা মীনা রানী সরকার, পশ্চিম ত্রিপুরা জেলার জেলা শাসক তথা সমাহর্তা ডাঃ বিশাল কুমার। মোট ১৭ জন্য সদস্য সদস্যা আজ শপথ গ্রহণ করেন।

****************************

**CM-Oath Taking :**

সিপাহীজলা জিলা পরিষদে আজ দ্বিতীয় বারের জন্য সভানেত্রী হিসেবে সুপ্রিয়া দাস দত্ত ও সহকারী সভাধিপতি হিসেবে পিন্টু আইচ শপথ গ্রহণ করেন। বিশ্রামগঞ্জের শচীন দেববর্মন কলাক্ষেত্রে আয়োজিত অনুষ্ঠানে তাদের শপথ বাক্য পাঠ করান পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন দপ্তরের সচিব ডক্টর সন্দীপ আর রাঠোর। এছাড়া সিপাহীজলা জিলা পরিষদের ১৭ জন নবনির্বাচিত সদস্য-সদস্যাদের শপথ বাক্য পাঠ করান পঞ্চায়েত দপ্তরের অধিকর্তা প্রসূন দে। অনুষ্ঠানে প্রধান অতিথির ভাষণে মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা বলেন, রাজ্য ও কেন্দ্রীয় সরকারের বিভিন্ন প্রকল্প ও যোজনাগুলি বাস্তবায়ন করার ক্ষেত্রে ত্রি-স্তরীয় পঞ্চায়েত ব্যবস্থা খুবই গুরুত্বপূর্ণ। অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন বিধায়ক বিন্দু দেবনাথ, কিশোর বর্মন, তফাজ্জল হোসেন, সিপাহীজলা জেলার জেলাশাসক ডক্টর সির্দ্ধাথ শিব জসওয়াল, পুলিশ সুপার বি .জে রেড্ডি প্রমুখ।

****************************

**Sitaram Yechury :**

সিপিআই(এম) এর সর্বভারতীয় সাধারণ সম্পাদক সীতারাম ইয়েচুরি দীর্ঘ অসুস্থতার পরে আজ প্রয়াত হয়েছেন। ৭২ বছর বয়সী এই প্রবীণ নেতা নতুনদিল্লির অল ইন্ডিয়া ইনস্টিটিউট অফ মেডিকেল সায়েন্সে শেষ নিঃশ্বাস ত্যাগ করেন। তিনি গত

কয়েকদিন ধরে ফুসফুসের সংক্রমণের জন্য হাসপাতালে ভর্তি ছিলেন। তিনি ১৯৭৫ সালে ভারতের কমিউনিস্ট পার্টির সদস্য পদ লাভ করেন। ২০১৫ সালের ১৯ এপ্রিল সিপিএমের সর্বভারতীয় সাধারণ সম্পাদকের দায়িত্ব গ্রহণ করেন। গত ৯ বছর ধরে সেই দায়িত্ব পালন করছিলেন তিনি। ২০০৫ থেকে ২০১৭ সাল পর্যন্ত তিনি রাজ্যসভার সদস্য ছিলেন।

রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু সীতারাম ইয়েচুরির মৃত্যুতে শোক প্রকাশ করেছেন। শোকবার্তায় রাষ্ট্রপতি বলেন যে, প্রথমে একজন ছাত্র নেতা এবং তারপরে জাতীয় রাজনীতিতে এবং একজন সংসদ সদস্য হিসাবে, সীতারাম ইয়েচুরির একটি স্বতন্ত্র এবং প্রভাবশালী কণ্ঠ ছিল। রাষ্ট্রপতি শোকসন্তপ্ত পরিবার ও সহকর্মীদের প্রতি সমবেদনা জানিয়েছেন।

*************************

**Sitaram Yechury-Condolense :**

সীতারাম ইয়েচুরির মৃত্যুতে মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা গভীর শোক প্রকাশ করেছেন। এক শোকবার্তায় তিনি প্রয়াতের পরিবার পরিজনদের প্রতি গভীর সমবেদনা জানিয়েছেন। সাংসদ বিপ্লব কুমার দেবও সীতারাম ইয়েচুরির মৃত্যুতে গভীর শোক প্রকাশ করেছেন। শ্রী দেব এক শোক বার্তায় বলেন, ভারতীয় রাজনীতিতে তাঁর অবদান মর্যাদার সঙ্গে স্মরণ করা হবেস্মরনীয় হয়ে থাকবে।

***************************

**Anganwadi :**

সমাজ কল্যাণ ও সমাজ শিক্ষা মন্ত্রী টিঙ্কু রায় আজ উজান অভয়নগরে  বাক পুনর্বাসন প্রতিষ্ঠান কেন্দ্রে AIMs Live App এর সূচনা করেন। রাজ্যের সমস্ত অঙ্গনওয়াড়ি কেন্দ্রে মা ও শিশুর পরিষেবাগুলি সঠিক বাস্তবায়িত হচ্ছে কিনা তা উন্নত প্রযুক্তির সহায়তায় পর্যবেক্ষণ করতে দপ্তর এই app চালু করেছে।

মন্ত্রী আজ একইসঙ্গে সপ্তম রাষ্ট্রীয় পোষণ মাস উদযাপনের অঙ্গ হিসাবে মা, শিশু ও কিশোরীদের সুস্বাস্থ্য সুনিশ্চিত করার লক্ষ্যে তাদের হাতে পোষণ কিট তুলে দেন। এছাড়া দপ্তরের উদ্যোগে মূক ও বধির শিশুদের বিনা মূল্যে পড়াশোনার জন্য ১ থেকে পঞ্চম শ্রেণী পর্যন্ত বিদ্যালয় স্তরে পঠন পাঠনের মান উন্নীতকরণের আনুষ্ঠানিক পর্বের সূচনা করেন তিনি। মন্ত্রী আরো বলেন রাজ্যে ১০ হাজার অঙ্গনওয়াড়ি কেন্দ্র রয়েছে। পরিকাঠামোর উন্নয়নের মধ্য দিয়ে আগামী দিনে অঙ্গনওয়াড়ি কেন্দ্রের পরিষেবার মান উন্নয়নই সরকারের লক্ষ্য। অনুষ্ঠানে আগরতলা পুর নিগমের মেয়র ইন কাউন্সিলর হীরালাল দেবনাথ, দফতরের অধিকর্তা তপন কুমার দাস সহ অন্যান্য আধিকারিকরা উপস্থিত ছিলেন।

*****************************

**PM JANAMAN :**

PM JANAMAN প্রকল্পের দ্বিতীয় পর্যায়ের কাজ ২০২৫সালের নভেম্বর মাসের মধ্যে একশো শতাংশ সম্পন্ন করা হবে। জনজাতি কল্যাণ দপ্তরের অধিকর্তা নগেন্দ্র দেববর্মা আজ এক সাক্ষাৎকারে আকাশবাণীর প্রতিনিধিকে এই তথ্য জানিয়ে বলেন প্রথম পর্যায়ের মতো দ্বিতীয় পর্যায়েও মানুষ সহযোগিতা করবেন বলে আশা প্রকাশ করেন। তিনি বলেন, রাজ্যে মোট ৯টি দপ্তর এই প্রকল্পে কাজ করে চলেছে। অধিকর্তা বলেন এই প্রকল্পের মূল লক্ষ্য হচ্ছে পিছিয়ে পড়া জাতিগুলিকে জীবনের মূলস্রোতে ফিরিয়ে আনা ও তাদের আর্থসামাজিক মানোন্নয়ন করা। শ্রী দেববর্মা বলেন এই প্রকল্পের মধ্যে তাদের আধার কার্ড, PM-JANADHAN এর সুবিধা, আয়ুষ্মান কার্ড, caste সার্টিফিকেট, PM kishan Samman Nidhi ইত্যাদি সুবিধা প্রদান করা হয়। তিনি বলেন রাজ্যে মূলতঃ রিয়াং শ্রেণীর মানুষরা এই প্রকল্পের অন্তর্গত।

***************************

**PM-JANMAN-South :**

দক্ষিন জেলার বকাফা ব্লকের বকাফা আশ্রম দ্বাদশ স্কুলের কমিউনিটি হলে ও দক্ষিন তাকমা ভিলেজ অফিসে পিএম জনমন কর্মসূচির দ্বিতীয় পর্যায়ের প্রচার ও সুবিধাভোগীদের কাছে প্রশাসনিক সুযোগ সুবিধা পৌঁছে দেওয়ার লক্ষ্যে আজ প্রশাসনিক ও স্বাস্হ্য শিবির অনুষ্ঠিত হয়৷ শিবিরগুলিতে রিয়াং জনগোষ্ঠীর সুবিধাভোগীদের চিকিৎসা পরিষেবা, উপজাতি শংসাপত্র, ত্রিপুরায় স্থায়ী বসবাসের শংসাপত্র, গৃহপালিত পশুর চিকিৎসা পরিষেবা সহ বিভিন্ন প্রশাসনিক সুযোগ সুবিধা প্রদান করা হয়।

**************************

**Review Meeting-Jolaibari :**

বন্যা পরবর্তী পরিস্থিতি পর্যালোচনার জন্য আজ জোলাইবাড়ী ব্লক কার্যালয়ে এক বৈঠক অনুষ্ঠিত হয়। সমবায় মন্ত্রী শুক্লাচরন নোয়াতিয়ার পৌরাহিত্যে অনুষ্ঠিত এই বৈঠকে উপস্থিত ছিলেন ত্রিস্তরীয় পঞ্চায়েতের জন প্রতিনিধি ও বিভিন্ন দপ্তরের আধিকারিকগণ। বৈঠকে বন্যায় ক্ষতিগ্রস্ত মানুষদের কিভাবে সাহায্য করা যায় এই বিষয়ে বিস্তৃত আলোচনা হয়৷ পানীয় জল, বিদ্যুৎ, রাস্তাঘাট মেরামতির কাজকর্ম সম্পর্কেও আলোচনা হয় এই বৈঠকে।

*************************

**CPIM Deputation-Santirbazar :**

বন্যা ও ভূমিধ্বসে ক্ষতিগ্রস্ত পরিবারগুলির জন্য দ্রুত বাসস্থান, মৃতদের পরিবারকে আর্থিক সাহায্য প্রদান ও ভূমিধ্বসে নিখোঁজ কোয়াইফাং এলাকার কায়ারাম পাড়ার বীরমনি ত্রিপুরাকে উদ্ধারের দাবি জানিয়েছে সিপিআইএম শান্তিরবাজার মহকুমা কমিটি। এই দাবিতে আজ সিপিআইএম-এর পক্ষ থেকে শান্তিরবাজার মহকুমা শাসকের কাছে ডেপুটেশন প্রদান করা হয়।

*************************

**Train Service :**

আগরতলার স্টেশন মাস্টার চন্দ্রমোহন শাহু জানিয়েছেন আগরতলা বিলোনিয়ার মধ্যে আগামীকাল থেকে পুনরায় ডেমো ট্রেন সার্ভিস শুরু হবে। তবে বিলোনিয়া থেকে সাব্রুম পর্যন্ত রেললাইন সংস্কারের কাজ এখনো সম্পূর্ণ হয়নি। তিনি জানান আজ এন এফ রেলওয়ের লামডিং সেকশনের জেনারেল ম্যানেজার কন্সট্রাকশন অরুন কুমার চৌধুরী ট্রেন চলাচল সংক্রান্ত সমস্ত পরিস্থিতি খতিয়ে দেখেন। শ্রীকুমার আজ নিশ্চিন্তপুর রেল স্টেশন এবং উদয়পুর সেকশন পরিদর্শন করেন। শ্রী সাহু আরো জানান আগামীকাল আগরতলা থেকে বিলোনিয়া তিনটি ট্রেন চলাচল করবে। তিনি জানান কাঞ্চনজঙ্ঘা এক্সপ্রেসটি আগরতলা থেকেই শিয়ালদার উদ্দেশ্যে যাত্রা করবে।

*************************

**SCERT Training :**

আগরতলার বিবেকনগরে রামকৃষ্ণ মিশন বিদ্যালয়ে আজ থেকে রাজ্যের বিদ্যাজ্যোতি স্কুলগুলিতে কর্মরত শিক্ষক-শিক্ষিকাদের ১০ দিনব্যাপী প্রশিক্ষণ কর্মসূচি শুরু হয়েছে। স্টেট কাউন্সিল অব এডুকেশনাল রিসার্চ অ্যান্ড ট্রেনিং বা SCERT'র উদ্যোগে আয়োজিত এই প্রশিক্ষণ কর্মসূচিতে রাজ্যের বিদ্যাজ্যোতি স্কুল গুলিতে কর্মরত ইংরেজি এবং রাষ্ট্রবিজ্ঞানের শিক্ষক-শিক্ষিকাদের প্রশিক্ষণ দেওয়া হচ্ছে। আজ উপস্থিত ছিলেন বিদ্যালয় শিক্ষা দপ্তরের অধিকর্তা এন সি শর্মা, SCERT ত্রিপুরার অধিকর্তা এল ডার্লং, আগরতলা বিবেকনগর রামকৃষ্ণ মিশন বিদ্যালয়ের অধ্যক্ষ স্বামী শুভকরানন্দ মহারাজ প্রমুখ।

***************************

**Lok Adalat :**

রাজ্যে এবছরের তৃতীয় জাতীয় লোক আদালত বসবে আগামী ১৪ই সেপ্টেম্বর, শনিবার।

ত্রিপুরা হাইকোর্ট ছাড়াও রাজ্যের সব জেলা এবং মহকুমা আদালত চত্বরে এই লোক আদালত বসবে। মোট ৫১টি বেঞ্চে ২৩,৯৯৪টি মামলা নিষ্পত্তির জন্য তোলা হবে। এরমধ্যে ত্রিপুরা উচ্চ আদালতে একটি বেঞ্চ বসবে। এই বেঞ্চে ৩১টি মামলা নিষ্পত্তির জন্য তোলা হবে। আগরতলা আদালত চত্বরে লোক আদালতে সবচেয়ে বেশি ১১টি বেঞ্চ বসবে। দ্রুত ও বিনা আইনি খরচে সংশ্লিস্ট সবাইকে মামলা নিষ্পত্তির সুবিধা নিতে ত্রিপুরা রাজ্য আইনসেবা কর্তৃপক্ষের সদস্য-সচিব শ্রীমতি ঝুমা দত্ত চৌধুরী আবেদন জানিয়েছেন।

*************************

**PM, Para Olympic :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি আজ প্যারিস প্যারা অলিম্পিকে অংশগ্রহণকারী ভারতীয় দলের সঙ্গে মতবিনিময় করেছেন। শ্রী মোদী পদক বিজয়ী এবং অংশগ্রহণকারীদের তাদের কৃতিত্বের জন্য অভিনন্দন জানান। সাতটি সোনা, ন'টি রূপো এবং তেরোটি ব্রোঞ্জ পদক সহ ২৯টি পদক জিতে প্যারা অলিম্পিকে ভারত তার সর্বকালের সেরা কৃতিত্ব অর্জন করেছে। ক্রীড়া মন্ত্রী মনসুখ মান্ডাভিয়া এবং ভারতের প্যারা অলিম্পিক কমিটির সভাপতি দেবেন্দ্র ঝাঝারিয়াও মতবিনিময় কালে উপস্থিত ছিলেন।

************************

**National Women's Football :**

মধ্যপ্রদেশের নিমুচিতে অনুষ্ঠিত অনূর্ধ্ব-১৪ বছরের বালিকাদের সাবজুনিয়র ফুটবলের গ্রুপের তৃতীয় ম্যাচে ত্রিপুরা বড় ব্যবধানে জয়লাভ করেছে। আজ অনুষ্ঠিত খেলায় রাজ্যদল ৮-০ গোলে পন্ডিচেরীকে হারিয়ে দেয়। ফলে রাজ্যদল গ্রুপে দ্বিতীয় স্থান দখল করে।

*************************

**Sub Junior Football :**

আসামের জোরহাটে অনুষ্ঠিত জাতীয় সাবজুনিয়র বালক বিভাগের ফুটবল প্রতিযোগিতায় গ্রুপের প্রথম ম্যাচে ত্রিপুরা বড় ব্যবধানে জয়লাভ করেছে। জোরহাট স্টেডিয়ামে অনুষ্ঠিত খেলায় রাজ্যদল ৮-১ গোলে চন্ডিগড়কে পরাজিত করে।

***************************

**Chandra Smriti League :**

ত্রিপুরা ফুটবল এসোসিয়েশন পরিচালিত চন্দ্র স্মৃতি ঘরোয়া প্রথম ডিভিশন লিগ ফুটবল প্রতিযোগিতার আজকের খেলায় ফ্রেন্ডস ইউনিয়ন জয়লাভ করেছে। উমাকান্ত মিনি স্টেডিয়ামে বিকালে অনুষ্ঠিত খেলায় ফ্রেন্ডস ইউনিয়ন ৪-৩ গোলে ফরোয়ার্ড ক্লাবকে পরাজিত করে।

************************

**TCA Awards :**

আগামী ১৪ সেপ্টেম্বর রাজধানী আগরতলার রবীন্দ্র শতবার্ষিকী ভবনে ত্রিপুরা ক্রিকেট এসোসিয়েশনের বার্ষিক পুরষ্কার বিতরণী অনুষ্ঠান হবে। এতে বিগত পাঁচ বছরের বিজয়ীদের পুরষ্কার প্রদান করা হবে। অনুষ্ঠানে বিশ্বকাপ জয়ী ভারতীয় ক্রিকেটার দিলীপ ব্যাঙ্গসরকার, মুখ্যমন্ত্রী প্রফেসার ডা. মানিক সাহা, ক্রীড়া মন্ত্রী টিংকু রায় উপস্থিত থাকবেন। আজ এক সাংবাদিক সম্মেলনে টিসিএ সচিব সুব্রত দে এখবর জানান।

**************************

**Weather :**

আগামী ২৪ ঘন্টায় রাজ্যের দক্ষিণ, গোমতী, সিপাহীজলা এবং ধলাই জেলার দু এক জায়গায় ভারী থেকে অতি ভারী বৃষ্টিপাতের সতর্কতা জারি করেছে আবহাওয়া দপ্তর। তাছাড়া রাজ্যের সব জেলায় বিক্ষিপ্তভাবে বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে। আগামীকাল আকাশ সাধারণত মেঘাচ্ছন্ন থাকবে। আগামীকাল তাপমাত্রা সর্বোচ্চ ৩১ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৬ ডিগ্রি

সেলসিয়াসের কাছাকাছি থাকবে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩৫ দশমিক ছয় ডিগ্রী সেলসিয়াস এবং সর্বনিম্ন সাতাশ দশমিক চার ডিগ্রী সেলসিয়াস।

*************************